

## হাজী মোহাম্মদ দানেশ বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ভাঙচুর : পরিস্থিতি সামাল দিতে পুলিশ মোতায়েন

দিনাজপুর অফিস : হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রজ্ঞাপন জারি ও উত্কীর্ণ ২৫০ জন ছাত্র-ছাত্রীর রেজিস্ট্রেশনের দাবীতে গতকাল (বৃহস্পতিবার) ছাত্ররা বিশ্ববিদ্যালয়ে ব্যাপক ভাঙচুর করেছে। পরিস্থিতি সামাল দিতে প্রশাসন ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করেছে।

বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত ১ম ও ২য় ব্যাচের ছাত্র-ছাত্রীরা জানিয়েছে, দুপুর ১২টায় বিভিন্ন দাবী আদায়ের উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীরা মিছিল নিয়ে একাডেমিক ভবনে বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক ডঃ আনিছুর রহমানের সাথে দেখা করতে যায়।

এ সময় প্রকল্প পরিচালক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাথে কনফারেন্স রুমে মিটিংয়ে থাকার সেই মুহূর্তে দেখা করতে অসম্মতি জানালে ছাত্র-ছাত্রীরা কিং হায়ে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের দরজা-জানালা এবং আসবাবপত্রের ব্যাপক ক্ষতিসাধন করে ছাত্ররা একাডেমিক ভবনের টেলিফোন লাইন বিচ্ছিন্ন করে দেয় এবং কনফারেন্স রুমে মিটিংরত শিক্ষকদের তালাবন্দি করে রাখে।

এদিকে আন্দোলনরত ছাত্রছাত্রীদের ভাঙচুর ঠেকাতে বিশ্ববিদ্যালয়ের ছাত্র দলের নেতৃবৃন্দ

হতকোপ করলে সাধারণ ছাত্ররা আরও উত্তেজিত হয়ে ওঠে এবং দুদলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। ছাত্রদলের সমর্থকরা কনফারেন্সরুমে তালা ভেঙ্গে মিটিংরত শিক্ষকদের বের করতে গেলে আন্দোলনরত ছাত্রছাত্রীদের একাডেমিক ভবনের সকল কলাপসেবল গেটে তালা ফুলিয়ে দেয়। পরে ছাত্রদলের আহ্বায়ক মোর্শেদের সাথে আন্দোলনরত ছাত্রছাত্রীদের এক বৈঠকে সমঝোতার প্রেক্ষিতে একাডেমিক ভবনে তালা খুলে দেয়।

বিকেল ৪টায় জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফুল আলমসহ অন্য নেতৃবৃন্দ ক্যাম্পাসে 'গিয়ে' ছাত্রছাত্রীদের বিভিন্ন অভিযোগের কথা শুনে আগামী ২৭ জানুয়ারী কোর্টার দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বেগম খুরশীদ জাহান হকের সাথে আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করতে ব্যর্থ হলে জেলা বিএনপি ও ছাত্রছাত্রীদের সাথে একাত্মতা ঘোষণা করবে বলে প্রতিশ্রুতি দেন।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে বিশ্ববিদ্যালয়ের পিডি ডঃ আনিছুর রহমান জানান, বিশ্ববিদ্যালয়ের প্রজ্ঞাপন জারির বিষয়টি বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে ছাড় গেলেই সকল সমস্যার সমাধান হবে।